CENTRAL LIBRARY N.C.COLLEGE

**2019/TDC/ODD/SEM/**
**BNGLAN–301T/059**

**TDC (CBCS) Odd Semester Exam., 2019**

# বাংলা

## ( আধুনিক ভারতীয় ভাষা )

**( তৃতীয় ষাণ্মাসিক )**

পাঠক্রম নং : BNGLAN–301T (কলা ও বাণিজ্য)

**( ভাষাতত্ত্ব ও উনিশ শতকের বাংলা সাহিত্য )**

*পূর্ণমান* : ৭০
*উত্তীর্ণমান* : ২৮

*সময়* : ৩ ঘণ্টা

*পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক*

**গুচ্ছ—১**

১। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ১×৪=৪

(ক) গ্রীক উৎসমূলের একটি তদ্ভব শব্দের উদাহরণ দাও।

(খ) চন্দ্র, সূর্য—এই শব্দ দুটি সিদ্ধ তৎসম শব্দ না অসিদ্ধ তৎসম শব্দ?

(গ) 'গৃহিণী' শব্দটির অর্ধতৎসম রূপ লেখো।

CENTRAL LIBRARY N.C.COLLEGE



(ঘ) বাংলা 'মুদ্রা' শব্দটির উৎস ভাষা কী?

(ঙ) 'কার্তুজ' শব্দটি কোন্ ভাষার শব্দ?

২। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ২

(ক) বাংলা শব্দভাণ্ডারকে কয় শ্রেণিতে ভাগ করা হয়েছে ও কী কী?

(খ) 'অসিদ্ধ তৎসম' শব্দের সংজ্ঞা লেখো।

৩। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৮

(ক) বাংলা শব্দভাণ্ডারের অন্তর্গত মৌলিক শব্দের সংক্ষিপ্ত পরিচয় দাও।

(খ) উদাহরণসহ দেশি আগন্তুক শব্দের সংক্ষিপ্ত পরিচয় দাও।

## গুচ্ছ—২

৪। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ১×৪=৪

(ক) সংস্কারগত কারণে শব্দের অর্থ পরিবর্তনের একটি উদাহরণ দাও।

(খ) 'নিউজ পেপার'কে আমরা 'পেপার' বলে থাকি। এর ফলে শব্দের অর্থের পরিবর্তন ঘটে। এ ধরনের অর্থ পরিবর্তনের কারণকে কী বলে?

(গ) সন্দেশ = মিষ্টান্ন বা মিষ্ট জাতীয় খাদ্যদ্রব্য>বিশেষ এক রকমের মিষ্টি—অর্থ পরিবর্তনের এই ধারার নাম কী?





(ঘ) অর্থ বিস্তারের একটি উদাহরণ দাও।

(ঙ) ঘটিকাপাল = যে প্রহরজ্ঞাপক ঘণ্টা বাজায়>ঘড়িয়াল = বিশেষ এক প্রজাতির কুমীর> ঘড়েল = চতুর ব্যক্তি—অর্থ পরিবর্তনের এই ধারাকে কী বলে?

৫। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ২

(ক) শব্দার্থ পরিবর্তনের ধারা কয়টি ও কী কী?

(খ) বিশাল বা বিরাটের সাদৃশ্যেও শব্দের অর্থ পরিবর্তন ঘটে। দুটি উদাহরণ দাও।

৬। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৮

(ক) শব্দার্থ পরিবর্তনের ঐতিহাসিক ও উপকরণগত কারণ উদাহরণসহ সংক্ষেপে আলোচনা করো।

(খ) অর্থ সংকোচ ও অর্থ বিস্তার—শব্দার্থ পরিবর্তনের এই দুই ধারার সংক্ষিপ্ত পরিচয় দাও।

## গুচ্ছ—৩

৭। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ১×৪=৪

(ক) সাধু ও চলিতরীতির মিশ্রণকে কোন্ ধরনের দোষ বলা হয়?

CENTRAL LIBRARY N.C.COLLEGE



(খ) আভিধানিক শব্দের প্রয়োগ বেশি হয় কোন্ গদ্যরীতিতে — সাধু না চলিত-এ ?

(গ) 'আহার করা' এই যৌগিক ক্রিয়াপদের সংক্ষিপ্ত রূপ লেখো।

(ঘ) অশুদ্ধি সংশোধন করো : তিরস্কার।

(ঙ) 'সংগে' না 'সঙ্গে' কোন্ বানানটি শুদ্ধ ?

৮। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ২

(ক) সর্বনাম ও ক্রিয়াপদের ক্ষেত্রে সাধু-চলিতের পার্থক্য নির্ণয় করো।

(খ) অশুদ্ধি সংশোধন করো : শারিরিক, বন্দপাধ্যায়।

৯। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৮

(ক) উদাহরণসহ বাংলা চলিত গদ্যরীতির সংজ্ঞা ও কয়েকটি বৈশিষ্ট্য লেখো।

(খ) পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমি গৃহীত বাংলা বানানরীতির আটটি বৈশিষ্ট্য উদাহরণসহ লেখো।





গুচ্ছ—৪

১০। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ১×৪=৪

(ক) কমলাকান্ত কোন্ নেশায় আসক্ত ছিলেন ?

(খ) কমলাকান্ত কার আশ্রয়ে বাস করতেন ?

(গ) "পুষ্প আপনার জন্য ফুটে না। পরের জন্য তোমার হৃদয়কুসুমকে প্রস্ফুটিত করিও।" রচনাংশটি 'কমলাকান্তের দপ্তর'-এর কোন্ প্রবন্ধের অন্তর্গত ?

(ঘ) বিশ্বসংসারের বৃহৎ বাজারে কমলাকান্ত প্রথম কোন্ দোকানে গিয়েছিলেন ?

(ঙ) বাংলা সাহিত্যকে কমলাকান্ত কোন্ ফলের সঙ্গে তুলনা করেছেন ?

১১। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ২

(ক) কোন্ পত্রিকায়, কত সালে কমলাকান্তের আত্মপ্রকাশ ঘটে ?

(খ) 'কমলাকান্তের দপ্তর' গ্রন্থাকারে কবে প্রকাশিত হয় ? গ্রন্থটি কাকে উৎসর্গ করা হয়েছে ?

CENTRAL LIBRARY N.C.COLLEGE



১২। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৮

(ক) 'বসন্তের কোকিল' প্রবন্ধে কাদের বসন্তের কোকিল বলা হয়েছে? 'বসন্তের কোকিল' প্রবন্ধ অবলম্বনে এ বিষয়ে লেখকের অভিমত ব্যক্ত করো।

(খ) 'মনুষ্যফল' প্রবন্ধে সমাজের কিছু সংখ্যক মানুষের স্বভাব-বৈশিষ্ট্য ব্যঙ্গের মোড়কে পরিবেশন করা হয়েছে। বিষয়টি আলোচনা করো।

গুচ্ছ—৫

১৩। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ১×৪=৪

(ক) "হে নূতন, এসো তুমি সম্পূর্ণ _____ পূর্ণ করি"
( শূন্যস্থান পূর্ণ করো )

(খ) 'বৈশাখ' কবিতাটি কোন্ পত্রিকায় প্রকাশিত হয়েছিল?

(গ) বৈশাখের বস্ত্রাঞ্চল কী রঙের?

(ঘ) 'এখনো সমুখে রয়েছে সূচির শবরী'—'শবরী' শব্দের অর্থ কী?

(ঙ) 'স্বপ্ন' কবিতায় কবি-প্রিয়ার নাম কী?





১৪। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ২

(ক) 'কল্পনা' কাব্যটির প্রকাশকাল কত? "বর্ষ হয়ে আসে শেষ, দিন হয়ে এল সমাপন,"—পংক্তিটি 'কল্পনা' কাব্যের কোন্ কবিতার অন্তর্ভুক্ত?

(খ) 'কল্পনা' ছাড়া রবীন্দ্রনাথের যে কোনো দুটি কাব্যগ্রন্থের নাম লেখো।

১৫। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৮

(ক) 'দুঃসময়' কবিতার ভাববস্তু নিজের ভাষায় লেখো।

(খ) 'স্বপ্ন' কবিতায় বর্ণিত কবির মানস-অভিসারের সংক্ষিপ্ত পরিচয় দাও।

★★★

CENTRAL LIBRARY N.C.COLLEGE

**2019/TDC/ODD/SEM/**
**BNGSEC–301T/060**

**TDC (CBCS) Odd Semester Exam., 2019**

# BENGALI

**( 3rd Semester )**

Course No. : BNGSEC–301T

**( অনুবাদবিদ্যা ও গণজ্ঞাপন )**

*পূর্ণমান* : ৫০
*উত্তীর্ণমান* : ২০

*সময়* : ৩ ঘণ্টা

*পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক*

## UNIT—I

১। যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : ১×৩=৩

(ক) সংস্কৃত নাটক 'অভিজ্ঞানশকুন্তলম্'-এর রচয়িতা কে?

(খ) Transcreation-এর বাংলা প্রতিশব্দ কী?

(গ) আক্ষরিক অনুবাদ 'মড়া বাছুরের রূপ'। মন্তব্যটি কার?

(ঘ) হোমারের 'ইলিয়াড' ও 'ওডিসি' কোন্ ভাষায় রচিত?

২। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ২

(ক) উৎসপাঠ ও উদ্দিষ্ট পাঠ বলতে কী বোঝ?

(খ) অনুবাদ কতপ্রকার ও কী কী?

CENTRAL LIBRARY N.C.COLLEGE



৩। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৫

(ক) আদর্শ অনুবাদকের গুণাবলি সম্পর্কে আলোচনা করো।

(খ) 'সীতার বনবাস' অনুবাদে বিদ্যাসাগরের কৃতিত্ব বিশ্লেষণ করো।

## UNIT—II

৪। যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : ১×৩=৩

(ক) গিরিশচন্দ্রের 'ম্যাকবেথ' অনুবাদ কত খ্রিস্টাব্দে প্রকাশিত হয়?

(খ) গিরিশচন্দ্র অনুবাদিত 'ম্যাকবেথ'-এর অঙ্ক সংখ্যা কত?

(গ) ম্যাকমের পিতার নাম কী?

(ঘ) ম্যাকবেথের সহযোদ্ধার নাম লেখো।

৫। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ২

(ক) গিরিশচন্দ্রের 'ম্যাকবেথ' প্রথম কোন্ থিয়েটারে, কত খ্রিস্টাব্দে অভিনীত হয়?

(খ) ম্যাকবেথের মৃত্যু সম্পর্কে ডাইনিদের ভবিষ্যদ্বাণীটি কী ছিল?

৬। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৫

(ক) ম্যাকবেথ চরিত্রটি বিশ্লেষণ করো।

(খ) 'ম্যাকবেথ' অনুবাদে গিরিশচন্দ্রের মৌলিকতা সম্পর্কে আলোচনা করো।





## UNIT—III

৭। বাংলা প্রতিশব্দ লেখো (যে কোনো তিনটি) : ১×৩=৩

(ক) Feedback

(খ) Documentation

(গ) जनसंचार

(ঘ) अख़बार

৮। যে কোনো একটি বাক্য বাংলায় অনুবাদ করো : ২

(ক) "There is only one difference between Dream and Aim. Dream requires effortless sleep and Aim requires sleepless efforts."

(খ) सफलता हमारा परिचय दुनिया को करवाती है और असफलता हमें दुनिया का परिचय करवाती है।

৯। যে কোনো একটি অনুচ্ছেদের বাংলা অনুবাদ করো : ৫

(ক) एक बार महात्मा गाँधी के पास एक व्यक्ति गीता का रहस्य जानने के लिए आया। उसने महात्मा गाँधी से गीता के रहस्य के बारे में पूछा। गाँधीजी उस समय फावड़े से आश्रम की भूमि खोद रहे थे। उन्होंने उस व्यक्ति को पास बिठाया और फिर से आश्रम की भूमि खोदने में लग गए। इसी तरह काफी समय हो गया लेकिन महात्मा गाँधी उस व्यक्ति से कुछ नहीं बोले। आखिर में अकेले बैठे-बैठे परेशान होकर वह व्यक्ति महात्मा गाँधी से बोला—"मैं

CENTRAL LIBRARY N.C.COLLEGE



इतनी दूर से आपकी ख्याति सुनकर गीता का मर्म जानने के लिए आपके पास आया था लेकिन आप तो केवल फावड़ा चलाने में लगे हुए हैं।''

गाँधीजी ने उत्तर दिया—''भाई! मैं आपको गीता का रहस्य ही समझा रहा था।'' महात्मा गाँधी की बात सुनकर वह व्यक्ति बोला— ''आप कहाँ समझा रहे थे आप तो अभी तक एक शब्द भी नहीं बोले।'' गाँधीजी बोले—''बोलने की आवश्यकता नहीं है। गीता का मर्म यही है कि व्यक्ति को कर्मयोगी होना चाहिए। बस फल की आशा किए बगैर निरंतर कर्म करते चलो। यही गीता का मर्म है।''

(খ) The Rāma story seems to have travelled along three routes,... 'By land, the northern route took the story from the Punjab and Kashmir into China, Tibet and East Turkestan; by sea, the southern route carried the story from Gujarat and South India into Java, Sumatra and Malaya; and again by land, the eastern route delivered the story from Bengal into Burma, Thailand, and Laos. Vietnam and Cambodia obtained their stories partly from Java and partly from India via the eastern route.





## UNIT—IV

১০। যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : ১×৩=৩

(ক) ফরাসি ভাষার কোন্ শব্দ থেকে Journal শব্দের উদ্ভব?

(খ) ভারতীয় সংবাদপত্রের জনক কে?

(গ) ভারতের প্রথম মুদ্রিত সংবাদপত্র কোনটি?

(ঘ) 'প্রেস রেগুলেশন আইন' কোন্ সালে পাশ হয়?

১১। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ২

(ক) সংবাদপত্র কত প্রকারের ও কী কী?

(খ) সাংবাদিকতার মাধ্যমগুলির উল্লেখ করো।

১২। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৫

(ক) সংবাদপত্রের প্রয়োজনীয়তা আলোচনা করো।

(খ) সাংবাদিকতার শ্রেণিবিভাগগুলির পরিচয় দাও।

## UNIT—V

১৩। যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : ১×৩=৩

(ক) 'গণজ্ঞাপন' শব্দটি প্রথম কে প্রয়োগ করেন?

(খ) Magazine শব্দটি ফরাসি কোন্ শব্দ থেকে জাত?

(গ) Dialogue শব্দটি প্রথম কে ব্যবহার করেন?

(ঘ) শ্রীরামপুর মিশন প্রেস কত খ্রিস্টাব্দে প্রতিষ্ঠিত?

CENTRAL LIBRARY N.C.COLLEGE



১৪। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ২

(ক) বিশ্বখ্যাত দুটি বিজ্ঞাপন সংস্থার নাম লেখো।

(খ) জ্ঞাপন প্রধানত কত প্রকার ও কী কী?

১৫। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৫

(ক) গণজ্ঞাপনের উদ্ভব ও ক্রমবিকাশ সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

(খ) গণজ্ঞাপনের বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।

★★★